

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রেস বিজ্ঞপ্তি


নং-০৪.০০.০০০০.৬১১.২৩.০০৩.১৬-৪৫

তারিখঃ ২৪ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ
০৭ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় পর্যায়ে গৌরবোজ্জ্বল ও কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ ১৪(চৌদ্দ) জন বিশিষ্ট ব্যক্তি ও ১(এক)টি প্রতিষ্ঠানকে ২০১৬ সালের স্বাধীনতা পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

পুরস্কারপ্রাপ্ত ব্যক্তিগণ হচ্ছেনঃ **স্বাধীনতা ও মুক্তিযুদ্ধ ক্ষেত্রে** - ১৯৭১ সালে যুক্তরাষ্ট্রে পাকিস্তান দূতাবাসে কর্মরত থাকা অবস্থায় বাংলাদেশ সরকারের প্রতি আনুগত্য প্রকাশকারী এবং প্রবাসে মুক্তিযুদ্ধের পক্ষে জনমত সংগঠক মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আবদুল মুহিত; মুক্তিযুদ্ধ সংগঠক ও মুক্তিযোদ্ধা হিসাবে ১৯৭১ সালে ভারতের মুক্তিযোদ্ধা ট্রেনিং ক্যাম্প, অপারেশন ক্যাম্প ও শরণার্থী ক্যাম্পে দায়িত্ব পালনকারী মাননীয় বন্দু ও পাট মন্ত্রী জনাব মুহাঃ ইমাজ উদ্দিন প্রামাণিক; একজন সফল রাজনীতিবিদ, মুক্তিযোদ্ধা এবং বিশিষ্ট সমাজসেবক মরহুম মৌলভী আচমত আলী খান; সুপারসনিক এয়ারক্রাফট F-6-এর সফল পাইলট এবং মুক্তিযুদ্ধ পরবর্তী সময়ে বাংলাদেশ এয়ারফোর্স গঠন প্রক্রিয়ায় উল্লেখযোগ্য ভূমিকা পালনকারী স্কোয়াড্রন লীডার (অবঃ) বদরুল আলম,বীর উত্তম; ১৯৭১ সালে রাজশাহী জেলার পুলিশ সুপার হিসাবে কর্মরত থাকা অবস্থায় পাকিস্তানী হানাদার বাহিনী কর্তৃক রাজশাহী পুলিশ লাইনস্ আক্রমণ প্রতিরোধে পুলিশ ফোর্স সংগঠিতকরণে নেতৃত্বদানকারী শহীদ শাহ্ আব্দুল মজিদ; রাঙামাটিতে ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ সংগঠনে নেতৃত্ব দানের জন্য পাকিস্তানী হানাদার বাহিনীর হাতে শাহাদাত বরণকারী রাঙামাটির তৎকালীন মহকুমা প্রশাসক জনাব এম. আবদুল আলী; ১৯৭১ সালে পাকিস্তান হাই কমিশন, লন্ডনে কর্মরত থাকা অবস্থায় বাংলাদেশ সরকারের প্রতি আনুগত্য প্রকাশকারী এবং বাংলাদেশের প্রথম সংবিধান স্বহস্তে লেখক মরহুম এ.কে.এম.আবদুর রউফ; ১৯৭১ সালে দিল্লীতে পাকিস্তান হাইকমিশনে কর্মরত থাকাকালে পাকিস্তানের পক্ষ ত্যাগ করে বাংলাদেশ সরকারের প্রতি আনুগত্য প্রকাশকারী এবং দিল্লীতে বাংলাদেশের প্রথম মিশন স্থাপনকারী জনাব কে. এম. শিহাব উদ্দিন; মুক্তিযুদ্ধ চলাকালে স্বাধীনতার সপক্ষে সাংস্কৃতিক কর্মকাণ্ড পরিচালনায় বলিষ্ঠ ভূমিকা পালনকারী সৈয়দ হাসান ইমাম; **মাতৃভাষা ক্ষেত্রে** - একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে স্বীকৃতি আদায়ে অগ্রণী ভূমিকা পালনকারী মরহুম রফিকুল ইসলাম; একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে স্বীকৃতি আদায়ে অগ্রণী ভূমিকা পালনকারী জনাব আবদুস সালাম; **বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে** - স্নানামধ্য কৃষি গবেষক এবং তোষা পাট ও দেশী পাটের জীবন রহস্য আবিষ্কারক মরহুম অধ্যাপক ড. মাকসুদুল আলম; **চিকিৎসাবিদ্যা ক্ষেত্রে** - প্রথিতযশা শিশু বিশেষজ্ঞ ডাঃ মোহাম্মদ রফি খান (এম আর খান); **সংস্কৃতি ক্ষেত্রে** - স্নানামধ্য রবীন্দ্র সঙ্গীত শিল্পী এবং রবীন্দ্র সঙ্গীত গবেষক অধ্যাপক রেজওয়ানা চৌধুরী বন্যা এবং পুরস্কারপ্রাপ্ত প্রতিষ্ঠান হচ্ছেঃ **জনসেবা ক্ষেত্রে** - মহান স্বাধীনতা যুদ্ধে অসামান্য অবদান এবং দেশের জলসীমায় স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষায় নিরলস দায়িত্ব পালনরত বাংলাদেশ নৌবাহিনী।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আগামী ১০ চৈত্র ১৪২২/২৪ মার্চ ২০১৬ তারিখ, বৃহস্পতিবার ঢাকাস্থ ওসমানী স্মৃতি মিলনায়তনে ২০১৬ সালের স্বাধীনতা পুরস্কার প্রদান করবেন।


(মোঃ মোস্তাফিজুর রহমান)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)


ফোন: ৯৫১১০৩৬

নং-০৪.০০.০০০০.৬১১.২৩.০০৩.১৬-৪৫

তারিখঃ ২৪ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ
০৭ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি প্রেরণ করা হল:

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর। (প্রিন্ট ও ইলেক্ট্রনিক গণমাধ্যমসমূহে প্রেস বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ২। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন।
- ৪। মহাপরিচালক, বাংলাদেশ বেতার।
- ৫। উপসচিব, ই-গভর্নেন্স, মন্ত্রিপরিষদ বিভাগ (প্রেস বিজ্ঞপ্তিটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৬। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। তথ্য সচিবের একান্ত সচিব, তথ্য মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



(মোঃ মোস্তাফিজুর রহমান)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)

ফোন: ৯৫১১০৩৬